# লোকবার্তা

সাতাশ-তম বর্ষ। দ্বিতীয় সংখ্যা    লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের বুলেটিন    এপ্রিল ২০২৪ – সেপ্টেম্বর ২০২৪




৯ আগস্ট ২০২৪, ঝাড়গ্রামে বিশ্ব আদিবাসী দিবসের অনুষ্ঠানে ঝাড়গ্রামের লোকপ্রসার প্রকল্পের শিল্পীদের সঙ্গে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং রাজ্যের মন্ত্রী ও লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের সভানেত্রী শ্রীমতি বীরবাহা হাঁসদা

## ‘বাংলা দিবস’ উদ্‌যাপন অনুষ্ঠানে লোকশিল্পীরা



তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে ১৪ এপ্রিল ২০২৪ বাংলা নববর্ষের দিনটিকে বাংলার প্রতিষ্ঠা দিবস হিসেবে উদ্‌যাপন করা হয়, কারণ এই বিশেষ দিনটি রাজ্যের ঐতিহ্য ও সংস্কৃতিকে প্রকাশ করে এবং সৌভ্রাতৃত্বের বন্ধনকে আরও দৃঢ় করে। এই উপলক্ষে রবীন্দ্রসদন-এ অনুষ্ঠিত হয় বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান। উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, হুগলি ও পূর্ব বর্ধমান জেলা থেকে বিভিন্ন আঙ্গিকের লোকশিল্পীরা, পূর্ব বর্ধমান জেলার রণপা নৃত্যের শিল্পীরা, পুরুলিয়া, উত্তর ২৪ পরগনা ও দক্ষিণ ২৪ পরগনা জেলার ছৌ নৃত্যের শিল্পীরা এবং দক্ষিণ ২৪ পরগনা জেলার ঢাক বাদ্যের শিল্পীরা এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। মোট **১০০০ জন** লোকশিল্পী এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিলেন।

## ৭৭-তম ‘স্বাধীনতা দিবস’ উদ্‌যাপন অনুষ্ঠানে লোকশিল্পীরা



**১৫ আগস্ট ২০২৪**, কলকাতার রেড রোড-এ ‘স্বাধীনতা দিবস’ উদ্‌যাপন উপলক্ষে একটি বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। এই অনুষ্ঠানে বিভিন্ন আঙ্গিকের লোকশিল্পীরা অংশগ্রহণ করেছিলেন, যেমন— উত্তর ২৪ পরগনা, হুগলি, পূর্ব বর্ধমান, নদিয়া ও বীরভূম জেলার বাউল গানের, ঝাড়গ্রাম জেলার আদিবাসী নৃত্যের, পুরুলিয়া জেলার ছৌ নৃত্যের, কোচবিহার জেলার বৈরাতি নৃত্যের, দার্জিলিং জেলার কুকুরি নৃত্যের, জলপাইগুড়ি জেলার ভাওয়াইয়া নৃত্যের ও গীতির, দক্ষিণ ২৪ পরগনা জেলার বনবিবি পালার, পূর্ব বর্ধমান জেলার ঢাক বাদ্যের, মুর্শিদাবাদ জেলার রায়বেঁশে নৃত্যের, ও উত্তর ২৪ পরগনা জেলার ধুনুচি নৃত্যের লোকশিল্পীরা। পদযাত্রায় অংশগ্রহণ করেন রাজবংশী সম্প্রদায়ের, তামাং সম্প্রদায়ের, শেরপা সম্প্রদায়ের, লেপচা সম্প্রদায়ের, লিম্বু সম্প্রদায়ের, ভুটিয়া সম্প্রদায়ের, উত্তর ২৪ পরগনা জেলার ওঁরাও সম্প্রদায়ের, পশ্চিম মেদিনীপুর জেলার সাঁওতাল সম্প্রদায়ের, মুন্ডা সম্প্রদায়ের, ভুমিজ সম্প্রদায়ের ও লোধা সম্প্রদায়ের, মতুয়া, বাগদী ও বাউরি সম্প্রদায়ের সদস্যরা। মোট **৪৭০ জন** লোকশিল্পীরা এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিলেন।



## ক্ষেত্রে সমীক্ষক ও গবেষক সম্মেলন : উত্তর ২৪ পরগনা




**১৭ আগস্ট ২০২৪**, লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের আয়োজনে ও উত্তর ২৪ পরগনা জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায়, উত্তর ২৪ পরগনার জেলা দপ্তরের সম্মেলন কক্ষে **৫০ জন** ক্ষেত্র সমীক্ষক ও গবেষকদের নিয়ে সকাল ১১টা থেকে বিকেল ৪:৩০টা পর্যন্ত অনুষ্ঠিত হয় একদিনের ক্ষেত্র সমীক্ষক ও গবেষক সম্মেলন। সম্মেলনের বিশেষজ্ঞ হিসেবে উপস্থিত ছিলেন ড. পুষ্প বৈরাগ্য, বিষয়: **'লোকসংস্কৃতি চর্চার প্রাসঙ্গিকতা'**, ড. জয়ন্ত বিশ্বাস, বিষয়: **'লোকভাষা: লোকসাহিত্যে তার প্রভাব'**, ড. সুব্রত কুমার মল্লিক, বিষয়: 'নাচনি একটি লোক আঙ্গিক'', ও ড. বরুণ কুমার চক্রবর্তী, বিষয়: **বাংলা প্রবাদে অতীতের জীবনাচরণ**''।

## ছৌ নৃত্যের কর্মশালা : কলকাতা



৫ সেপ্টেম্বর - ০৭ সেপ্টেম্বর ২০২৪, কলকাতার ছিট কালিকাপুরের লোকগ্রাম-এ, লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র, তথ্য ও সংস্কৃতি বিভাগ আয়োজিত ৩ দিনের ছৌ নৃত্যের কর্মশালা অনুষ্ঠিত হয়। এই কর্মশালায় উপস্থিত ছিলেন মাননীয় মন্ত্রী শ্রী ইন্দ্রনীল সেন। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা— হাওড়া, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হুগলি ও পূর্ব বর্ধমান থেকে **৫০ জন** লোকশিল্পী অংশগ্রহণ করেছিলেন। প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন পুরুলিয়া জেলা থেকে যোধারাম কুমার, জলধর বাউরি, সুশান্ত মাহাতো ও সোমনাথ মাহাতো এবং পশ্চিম মেদিনীপুর থেকে ঠাকুরদাস মাহাতো। প্রশিক্ষণের সময় নাচের তালের জন্য উপস্থিত ছিলেন **৩ জন** বাজনদার।

## "১৩৩ তম ডুরান্ড কাপ" ফুটবল প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে লোকশিল্পীরা



ডুরান্ড কাপের উদ্বোধনী অনুষ্ঠানে ছৌ নৃত্য

**২৭ জুলাই ২০২৪**, কলকাতার স্বামী বিবেকানন্দ যুবভারতী ক্রীড়াঙ্গন-এ "১৩৩ তম ডুরান্ড কাপ" ফুটবল প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠান উপলক্ষে মুর্শিদাবাদ জেলার রায়বেঁশে নৃত্য ও পুরুলিয়া জেলার ছৌ নৃত্য অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে মোট **৩০ জন** লোকশিল্পী অংশগ্রহণ করেছিলেন।

## মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় ছাত্র ছাত্রীদের নিয়ে কর্মশালা : দক্ষিণ ২৪ পরগনা



**২৩ আগস্ট ২০২৪**, লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের আয়োজনে এবং দক্ষিণ ২৪ পরগনার জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায়, দক্ষিণ ২৪ পরগনা জেলা দপ্তরের সভাকক্ষে মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ের **৫০ জন** ছাত্রছাত্রী নিয়ে অনুষ্ঠিত হয় এক দিনের কর্মশালা। কর্মশালা চলে বেলা ১১ থেকে বিকেল ৪:৩০ টে পর্যন্ত। বিশেষজ্ঞ হিসেবে উপস্থিত ছিলেন ড. মনিকা রায় কুন্ডু, বিষয়: **'বাংলা লোকসংগীতের বৈচিত্র্য ও তার বিকৃতি'**, ড. সুতপা সেনগুপ্ত, বিষয়: **'গভীর ভাবের কবিতায় ছড়ার ছন্দের ব্যবহার'**, ড. তপন মন্ডল, বিষয়: **'দক্ষিণ ২৪ পরগনার লোকসংস্কৃতির পরিচয়'**, ও ড. বরুন কুমার চক্রবর্তী, বিষয়: **'লোকসংস্কৃতির চর্চায় বিদেশীদের দান'**।

## দিল্লির "বেঙ্গল ম্যাংগো মেলা ও হ্যান্ডিক্রাফটস এক্সপো ২০২৪"-এ লোকশিল্পীদের অনুষ্ঠান




দিল্লির ম্যাংগো মেলায় রায়বেঁশে নৃত্য

**১৬–৩০ জুন ২০২৪**, নতুন দিল্লির জনপথের হ্যান্ডলুম হাট-এ অনুষ্ঠিত হয় 'বেঙ্গল ম্যাংগো মেলা ও হ্যান্ডিক্রাফটস এক্সপো ২০২৪।' এই মেলা ও এক্সপোতে অনুষ্ঠান পরিবেশন করেন পশ্চিমবঙ্গের লোকপ্রসার প্রকল্পের শিল্পীরা। ১৬ - ৩০ জুন ২০২৪ পরিবেশিত হয় দক্ষিণ ২৪ পরগনা জেলার শিল্পীদের বাউল গান ও ঢাক বাদ্য। ২৩ জুন ২০২৪ অনুষ্ঠিত হয় পূর্ব বর্ধমান জেলার লোকশিল্পীদের রায়বেঁশে নৃত্য। মোট **১৪ জন** লোকশিল্পী এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিলেন।

## পশ্চিমবঙ্গ সরকারের পর্যটন বিভাগের অনুষ্ঠানে লোকশিল্পীরা

**২৫–২৭ জুলাই ২০২৪**, পশ্চিমবঙ্গ সরকারের পর্যটন বিভাগ এবং ইন্ডিয়া কনফারেন্স প্রমোশন ব্যুরোর উদ্যোগে একটি ভ্রমণ পরিচিতিকরণ অনুষ্ঠানের আয়োজন করা হয় পশ্চিমবঙ্গে এমআইসিই উন্নয়নের উদ্যেশে। এই উপলক্ষে ২৫ জুলাই ২০২৪, নিউ টাউনের নজরুল তীর্থে একটি সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে উত্তর ২৪ পরগনা জেলার শ্রীখোল বাদ্যের লোকশিল্পীরা অংশগ্রহণ করেন। মোট **১০ জন** লোকশিল্পী এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিলেন।

## বিভিন্ন অনুষ্ঠানে কেন্দ্রের বুক স্টল

তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, আয়োজিত রবীন্দ্র জন্মোৎসব ও কবিপক্ষ ২০২৪ অনুষ্ঠিত হয় **৮–২৩ মে ২০২৪** কলকাতার রবীন্দ্রসদন, শিশির মঞ্চ, একতারা মুক্তমঞ্চ ও বাংলা আকাদেমি সভাঘর প্রাঙ্গণে। এই অনুষ্ঠানে বিভাগের অন্যান্য শাখার সাথে লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের বুক স্টল ছিল। প্রতিদিন বিকেল ৪ টে থেকে রাত ৯ টা পর্যন্ত ছিল বই বিক্রির সময়সীমা। এই অনুষ্ঠানে কেন্দ্রের প্রকাশিত বই প্রায় **৮ হাজার ৫০০ টাকার** বিক্রি হয়েছে।

তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকারের আয়োজনে নজরুল জন্মোৎসব ২০২৪ অনুষ্ঠিত হয় **২৫–২৯ মে ২০২৪**, কলকাতার রবীন্দ্রসদন, শিশির মঞ্চ, একতারা মুক্তমঞ্চ ও বাংলা আকাদেমি সভাঘর প্রাঙ্গণে। বিভাগের অন্যান্য বিভিন্ন শাখার সাথে লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের বুক স্টল ছিল। বই বিক্রির সময়সীমা ছিল বিকেল ৪ টে থেকে রাত ৯টা। কেন্দ্রের প্রকাশিত প্রায় **১ হাজার ৫০০ টাকার** বই বিক্রি হয়েছে।

তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকারের আয়োজনে **৭–১২ আগস্ট ২০২৪**, রবীন্দ্র সদন-নন্দন প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় ২২শে শ্রাবণ। এই অনুষ্ঠান উপলক্ষে বিভাগের অন্যান্য শাখার সাথে লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের বুক স্টল ছিল। বই বিক্রির সময়সীমা ছিল বিকেল ৪ টে থেকে রাত ৯ টা পর্য্যন্ত। কেন্দ্রের প্রকাশিত বই বিক্রি হয়েছে প্রায় **৪ হাজার টাকা**।

**৩০ আগস্ট – ৬ সেপ্টেম্বর ২০২৪**, রবীন্দ্র সদন-নন্দন প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় শারদ বই পার্বণ ২০২৪। বিভাগের অন্যান্য শাখার সাথে লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের বুক স্টল ছিল। বই বিক্রির সময়সীমা ছিল বেলা ২ টো থেকে রাত ৮টা পর্যন্ত। কেন্দ্রের প্রকাশিত বই বিক্রি হয়েছে প্রায় **৭ হাজার টাকা**।

**২১–২৪ সেপ্টেম্বর ২০২৪**, প্রতিদিন বেলা ১২টা - ৮টা পর্যন্ত বিশ্ব বাংলা মেলা প্রাঙ্গণে ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড দ্বারা আয়োজিত হয় বেঙ্গল শপিং ফেস্টিভ্যাল। এই মেলায় বিভাগীয় অন্যান্য শাখার সাথে ছিল লোকসংস্কৃতি ও আদিবাসী সাংস্কৃতি কেন্দ্রের বুক স্টল। এই মেলায় কেন্দ্রের **১৬০০ টাকার** বই বিক্রি হয়েছে।


## "কলকাতা শ্রী" অনুষ্ঠানে লোকশিল্পীরা


২৭ সেপ্টেম্বর ২০২৪, কলকাতা পৌরসভার "কলকাতা শ্রী কার্টেন রেজার ২০২৪", অনুষ্ঠিত হয় পৌর সভার সিএমও বিল্ডিঙের সামনে। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলকাতা পৌরসভার মহানাগরিক। উত্তর ২৪ পরগনার **২০ জন** ঢাক ও ধুনুচি নৃত্যের শিল্পী এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

## লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র-র প্রকাশনা

অমল কে ভৌমিক
লৌকিক ছড়ায় লোকগণিত ৩০০.০০
অমিতাভ মুখোপাধ্যায়
মূল্যবোধের বিকাশে লোকসংস্কৃতির ভূমিকা ২০০.০০
অমিয়শঙ্কর চৌধুরী
পল্লিকবি একলিমুর রাজার সংগীতমালা ৮০.০০
অরুণকুমার রায়
লোকায়নচর্চার ভূমিকা ৫০.০০
অশোক ভট্টাচার্য
পশ্চিমবঙ্গের পটচিত্র ৪০০.০০
আদিত্য মুখোপাধ্যায়
রণনৃত্য ৭০.০০
আবদুর রাকিব
চারণকবি গুমানি দেওয়ান ১০০.০০
আবুল আহসান চৌধুরী
আব্বাসউদ্দিন ১২০.০০
উপেন্দ্রকিশোর রায়চৌধুরী
চিত্তরঞ্জন সেনগুপ্ত (তরজামাইচ)
মুরুলিমোহন হাঁসদা (গড়ঃ ইচ)
টুনটুনি রেয়াঃ কাথা ৫০.০০
কালাচাঁদ মাহালী
মাহালী লোকগান ও লোককথা ১৫০.০০
গদাধর দে
লোকায়ত বাংলা দোঁহা ১৫০.০০
গৌতমকুমার দাস
গাজন ভাটা দেলের গান ১৫০.০০
ডাবলু সরেন
সাঁওতালি নাটকের কথা ১৫০.০০
তনয় মণ্ডল
রাজবংশি লোকচিকিৎসা ১০০.০০
তারাপদ সাঁতরা
পশ্চিমবঙ্গের লোকশিল্প ও শিল্পীসমাজ ৩০০.০০
তরণীসেন মহান্ত
প্রশ্নোত্তরে বাউল গান (পুনর্মুদ্রণ) ২০০.০০
দিনেন্দ্র চৌধুরী
গ্রাম নগরের গান ১০০.০০
গ্রামীণ গীতিসংগ্রহ দ্বিতীয় খণ্ড ২২৫.০০
দেবজিত্ বন্দ্যোপাধ্যায়
বঙ্গরঙ্গমঞ্চে লোকসংগীত ১৮০.০০
দীপক বিশ্বাস
কবিয়াল লম্বোদর চক্রবর্তী ৬০.০০
দীপঙ্কর ঘোষ
আদিবাসী শিকার সংস্কৃতি ১২০.০০
ধনঞ্জয় রায়
খন ৭০.০০















ধীরেন্দ্রনাথ কর
রাঢ় বাঁকুড়ার লোকভাষা ও লোকশব্দাবলী ১৭০.০০
ধীরেন্দ্রনাথ বাস্কে
আদিবাসী সমাজ ও পালপার্বণ ১৭০.০০
নিখিলকুমার চন্দ্র
টগর অধিকারী ৫০.০০
নির্মলেন্দু দে
জেতোড় লোকসাহিত্য ১২০.০০
নিরঞ্জন বন্দ্যোপাধ্যায়
সুধী প্রধান : জীবন ও সাধনা ৭৫.০০
নিশীথ চক্রবর্তী
পুতুল নাচ ৮০.০০
পশুপতিপ্রসাদ মাহাতো (সম্পা.)
মহাকবি বিনন্দিয়া সিংহের পদাবলী : রামায়ণ ও রাধাকৃষ্ণ ১৫০.০০
পুষ্পজিৎ রায়
গম্ভীরা ১০০.০০
মালদহ জেলার লৌকিক ছড়া ও সংগীত ১২০.০০
পার্থসারথি হাটি
ছড়ার ছন্দ ও আধুনিক কবিতা ৫০০.০০
প্রমোদ নাথ
তামাঙ ৬০.০০
বরুণকুমার চক্রবর্তী
লেটো ১৫০.০০
বরুণ কুমার চক্রবর্তী ও সুমন চ্যাটার্জি সম্পাদিত
লোকসংস্কৃতির তত্ত্বতালাশ ২৫০.০০
বিকাশ পাল
খেলার ছড়া ঃ ছড়ার খেলা ২৫০.০০
বাসুদেব ঘোষ
প্রবাদের গল্প ২০০.০০
বাংলার অধিবাসী ৫০০.০০
বিকাশকান্তি মিদ্যা
দক্ষিণ চব্বিশ পরগনার স্থান নাম ১৭০.০০
বীরেশ্বর বন্দ্যোপাধ্যায়
ধর্মঠাকুর শূন্যপুরাণ প্রসঙ্গে ১৭০.০০
বুদ্ধদেব বন্দ্যোপাধ্যায়
নজরুল সাহিত্যে লৌকিক জীবন ও সংস্কৃতি ২০০.০০
মণিমোহন দাস
গ্রামীণ সংগীতের ডালি ১৫০.০০
মহঃ জাহাঙ্গীর হোসেন
বাংলাদেশের লোকনাট্য ৪০০.০০
মালিনী ভট্টাচার্য (সম্পা.)
সুধী প্রধান স্মারক গ্রন্থ ২০০.০০
মালিনী ভট্টাচার্য ও প্রদীপ্ত বাগচি
কবিয়াল গুরুদাস পাল ৫০.০০
মিহির ভট্টাচার্য (সম্পা.)
লোকশ্রুতি প্রবন্ধ সংকলন ২০০.০০














# লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র-র প্রকাশনা

মুহম্মদ আয়ুব হোসেন
মহিলা কথকদের কেচ্ছা এবং রূপকথা ১০০.০০
মোহিত রায়
বোলান ৮০.০০
যোগেন্দ্রনাথ দাস (সংকলন) নিখিলেশ রায় (সম্পা.)
উককতার ঝোপা ১৫০.০০
রীতা সাহা
রবীন্দ্রমানসে লোকসংগীতের প্রভাব ৩০০.০০
শক্তিনাথ ঝা
আলকাপ ১২০.০০
ঝাকসু ২৫.০০
শ্রমসংগীত ১০০.০০
শশাঙ্কশেখর দাস
বনবিবি ১০০.০০
শামস্ আলদীন্
লোকসাহিত্যে নারী ২০০.০০
শ্যামল বেরা
ভাঁড়যাত্রা ৯০.০০
শিখা বন্দ্যোপাধ্যায়
লোকসংস্কৃতি চর্চা ও সুকুমার সেন ১০০.০০
শিবপদ ভৌমিক ও সুস্মিতা ভৌমিক
লোকসংস্কৃতি চর্চা ৮০.০০
শিবপ্রসাদ চট্টোপাধ্যায়
লোকায়ত পশ্চিমরাঢ় ১৩০.০০
শিবেন্দুশেখর মিশ্র
সাঁওতাল : সমাজ সংস্কৃতি ও সংগ্রাম ২৫০.০০
সুশান্ত বিশ্বাস
মালপাহাড়িয়া ৪৫.০০
লুপ্তপ্রায় লোকসংস্কৃতি ৭৫.০০
শ্যামাপদ বর্মন
ভাওয়াইয়া গীতিসংগ্রহ ও স্বরলিপি ১০০.০০
সহদেব মুরমু
শিকৌর দিসম রেয়াঃ সহরায় এনেচ্
সেরেঞ ১৫০.০০
সঙ্গীতা সেন
মুখোশশিল্প ৮০.০০
সাগর চট্টোপাধ্যায়
সুন্দরবনের কারুশিল্প ও কারুশিল্পী ২৫০.০০
সুব্রত চক্রবর্তী
জঙ্গলমহলের জনসংস্কৃতি ১০০.০০
সীমান্ত বাংলার লোকক্রীড়া ৩০.০০
সুবোধ চৌধুরী
ডোমনি ৬০.০০
সুবোধ বসু রায়
রাঢ়বঙ্গের কারুশিল্প ৪০.০০




















সুহাসিনী দেবী
মেয়েলি ব্রতকথা ১৫০.০০
স্বপন মুখোপাধ্যায়
গম্ভীরার অতীত ও বর্তমান ৫০০.০০
সোমা মুখোপাধ্যায়
বাংলার দাই ২৫০.০০
হরিদাস পালিত
সম্পাদনা বরুণ কুমার চক্রবর্তী
আদ্যের গম্ভীরা (পরিবর্ধিত সংস্করণ) ২৫০.০০
হাবিবুর রহমান
সামাজিক উন্নয়নে ফোকলোর ১৫০.০০
জেলা লোকসংস্কৃতি পরিচয়
নদিয়া ১৫০.০০, বর্ধমান ১৪০.০০
বাঁকুড়া ১০০.০০, হাওড়া ৭০.০০
মেদিনীপুর ১৪০.০০
মুর্শিদাবাদ ৪৫০.০০, পুরুলিয়া ৪০০.০০
মালদহ ৪৫০.০০, বীরভূম ৪০০.০০
উত্তর দিনাজপুর ৩৫০.০০
আলিপুরদুয়ার ৪০০.০০
দক্ষিণ দিনাজপুর ৪০০.০০
দক্ষিণ ২৪ পরগনা ৬০০.০০
কোচবিহার ৪০০.০০
পশ্চিমবঙ্গের মেলা ৩০০.০০
বঙ্গীয় লোকসংগীত কোষ ৪০০.০০
লোকদেবতা ও উৎসব : নানা প্রসঙ্গ ২৫০.০০
লোকভাষার নানা দিগন্ত ১৫০.০০
রবীন্দ্রনাথের ছড়া পটুয়ার গান *প্রতিটি* ১০.০০
**Santal Architecture** ***200.00***
**Folk Music and Folklore : An Anthology** ***300.00***
**Hemango Biswas (ed.)**
**Barun Kumar Chakraborty**
**Essays on Folkloristics** ***300.00***
লোকশ্রুতি(ষাণ্মাসিক গবেষণা পত্রিকা) ৫০.০০ প্রতিসংখ্যা












## নতুন সংযোজন

রঙ্গনকান্তি জানা পশ্চিমবঙ্গের লোকযান ১৫০.০০
বিশ্বজিৎ সরকার বহুকৌণিক লোকসংস্কৃতি ১৫০.০০
অশোক দাস ঝুমুর পঞ্চবিংশতি ৩৫০.০০
Abhijit Chakrborty The Nachni Chronicles *1000.00*




## প্রাপ্তিস্থান

রবীন্দ্রসদন 'বইঘর', দক্ষিণাপণ মার্কেটে 'লোকসংস্কৃতির বই' স্টল ও কেন্দ্রের লোকগ্রামের কার্যালয়

## সাধু রামচাঁদ মুর্মুর জন্মদিবস উদ্‌যাপন




লোক সংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের উদ্যোগে এবং জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তর, ঝাড়গ্রামের ব্যবস্থাপনায় **৩০ এপ্রিল ২০২৪** (১৭ বৈশাখ ১৪৩১), জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিকের দপ্তর, ঝাড়গ্রাম তথ্য কেন্দ্রে, পালিত হয় সাধু রামচাঁদ মুর্মুর জন্মদিন। প্রতিকৃতিতে মাল্যদান ও প্রদীপ প্রজ্জ্বলনের মধ্যে দিয়ে তাঁর প্রতি শ্রদ্ধা জানানো হয়।

## ক্রিমিনাল ইনভেস্টিগেশন ডিপার্টমেন্ট-এর অনুষ্ঠানে লোকশিল্পীরা

**২৬ জুন ২০২৪**, "মাদকের অপব্যবহার ও অবৈধ পাচারের বিরুদ্ধে আন্তর্জাতিক দিবস ২০২৪" উদ্‌যাপন উপলক্ষে ক্রিমিনাল ইনভেস্টিগেশন ডিপার্টমেন্ট (কলকাতা), সাধারণ মানুষের মধ্যে মাদক এবং অবৈধ পাচারের ভয়াবহতা নির্মূল করার উদ্দেশে একটি পদযাত্রার আয়োজন করে। এই পদযাত্রায় উত্তর ২৪ পরগনা থেকে ঝুমুর শিল্পীরা অংশগ্রহণ করেন। মোট **৬ জন** শিল্পী এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

## 'মহানায়ক সম্মান' প্রদান অনুষ্ঠানে লোকশিল্পীরা

**২৪ জুলাই ২০২৪**, বিকেল পাঁচটাতে কলকাতা 'ধনধান্য মঞ্চ'-এ অনুষ্ঠিত হল 'মহানায়ক সম্মান' প্রদান অনুষ্ঠান। প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও অনেক বিশিষ্টজনেরা। এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিলেন দক্ষিণ ২৪ পরগনা জেলার ৫০০ জন, উত্তর ২৪ পরগনা জেলার ৫০০ জন এবং হাওড়া জেলার ২০০ জন বিভিন্ন আঙ্গিকের লোকশিল্পী। মোট **১২০০ জন** লোকশিল্পী এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

## পশ্চিমবঙ্গ শিশুকিশোর আকাদেমির আয়োজনে বৃদ্ধাশ্রমে লোকশিল্পীদের অনুষ্ঠান



পশ্চিমবঙ্গ শিশুকিশোর আকাদেমির আয়োজনে আপনজন বৃদ্ধাশ্রমে লোকশিল্পীরা যে বিভিন্ন অনুষ্ঠান করেছেন— ২৬ জুন ২০২৪, দক্ষিণ ২৪ পরগনা জেলার শিল্পীরা পরিবেশন করেন বাউল গান, ১০ জুলাই ২০২৪, অনুষ্ঠিত হয় দক্ষিণ ২৪ পরগনা জেলার শিল্পীদের ভাটিয়ালি গান, ২৪ জুলাই ২০২৪, পরিবেশিত হয় দক্ষিণ ২৪ পরগনা জেলার শিল্পীদের কীর্তন গান ও ১৯ সেপ্টেম্বর ২০২৪ পরিবেশিত হয় দক্ষিণ ২৪ পরগনা জেলার লোকশিল্পীদের বাউল গান। **২৪ জন** শিল্পী এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

## নিউ দিল্লির 'বেঙ্গল প্রি-পূজা হ্যান্ডলুম এন্ড হ্যান্ডিক্রাফট এক্সিবিশন ২০২৪'-এ লোকশিল্পীদের অনুষ্ঠান



**১৬-৩০ সেপ্টেম্বর** ২০২৪, নিউ দিল্লির আইএনএ দিল্লি হাট-এ ১০ম 'বেঙ্গল প্রি-পূজা হ্যান্ডলুম এন্ড হ্যান্ডিক্রাফটস এক্সিবিশন ২০২৪' অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠান উপলক্ষে যে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয় তাতে লোকশিল্পীরাও অংশগ্রহণ করেছিলেন। ১৬-৩০ সেপ্টেম্বর ২০২৪ পরিবেশিত হয় বীরভূম জেলার বাউল শিল্পীদের বাউল গান ও উত্তর ২৪ পরগনা জেলার ঢাক বাদ্য, ২২ সেপ্টেম্বর ২০২৪ অনুষ্ঠিত হয় উত্তর ২৪ পরগনা জেলার ভাটিয়ালি গান এবং ২৯ সেপ্টেম্বর ২০২৪ পরিবেশিত হয় পুরুলিয়া জেলার ঝুমুর গান। এই অনুষ্ঠানে মোট **১৬ জন** লোকশিল্পী অংশগ্রহণ করেছিলেন।

## জেলাভিত্তিক লোকশিল্পীদের সম্মেলন

| ক্রমিক সংখ্যা | তারিখ | জেলা | স্থান |
|---|---|---|---|
| ১. | ২ আগস্ট ২০২৪ | জলপাইগুড়ি | সরোজেন্দ্রদেব রায়কত সাংস্কৃতিক কলাকেন্দ্র, জলপাইগুড়ি |
| ২. | ৮ আগস্ট ২০২৪ | আলিপুরদুয়ার | আলিপুরদুয়ার মিউনিসিপালিটি হল |
| ৩. | ৮ আগস্ট ২০২৪ | মুর্শিদাবাদ | রমেন্দ্রসুন্দর অডিটোরিয়াম, কান্দি |
| ৪. | ১২ আগস্ট ২০২৪ | হাওড়া | রবীন্দ্র ভবন, উলুবেড়িয়া |
| ৫. | ১৩ আগস্ট ২০২৪ | মালদা | সানাউল্লাহ মঞ্চ, মালদা কলেজ, মালদা |
| ৬. | ১৩ আগস্ট ২০২৪ | দক্ষিণ দিনাজপুর | বালুরঘাট রবীন্দ্র ভবন |
| ৭. | ২১ আগস্ট ২০২৪ | ঝাড়গ্রাম | দেবেন্দ্রমোহন সভাগৃহ |
| ৮. | ২৩ আগস্ট ২০২৪ | পূর্ব বর্ধমান | নজরুল মঞ্চ পূর্বস্থলী,কালনা মহকুমা |
| ৯. | ২৩ আগস্ট ২০২৪ | কোচবিহার | রবীন্দ্র ভবন, কোচবিহার |
| ১০. | ২৩ আগস্ট ২০২৪ | পশ্চিম মেদিনীপুর | শহীদ প্রদ্যোত স্মৃতিসদন, জেলা পরিষদ |
| ১১. | ২৮ আগস্ট ২০২৪ | দার্জিলিং | গোর্খা রঙ্গমঞ্চ ভবন |
| ১২. | ২৮ আগস্ট ২০২৪ | উত্তর দিনাজপুর | বিধান মঞ্চ, রায়গঞ্জ |
| ১৩. | ২৯ আগস্ট ২০২৪ | পূর্ব মেদিনীপুর | বলাকা মঞ্চ, কোলাঘাট, পূর্ব মেদিনীপুর |
| ১৪. | ৩ সেপ্টেম্বর ২০২৪ | উত্তর ২৪ পরগনা | রবীন্দ্র ভবন, বারাসাত |
| ১৫. | ৬ সেপ্টেম্বর ২০২৪ | বীরভূম | রেলওয়ে ইনস্টিটিউট, রামপুরহাট |
| ১৬. | ৯ সেপ্টেম্বর ২০২৪ | দক্ষিণ ২৪ পরগনা | মধুসূদন মঞ্চ |
| ১৭. | ১৩ সেপ্টেম্বর ২০২৪ | হুগলি | চুঁচুড়া রবীন্দ্রভবন |
| ১৮. | ২০ সেপ্টেম্বর ২০২৪ | কালিম্পং | কালিম্পং টাউন হল, কালিম্পং |
| ১৯. | ২৮ সেপ্টেম্বর ২০২৪ | পুরুলিয়া | রবীন্দ্র ভবন, পুরুলিয়া |




লোকশিল্পীদের সম্মেলন : হুগলি



লোকশিল্পীদের সম্মেলন : দক্ষিণ ২৪ পরগনা

## আঙ্গিকভিত্তিক জেলা লোকশিল্পীদের কর্মশালা

| নং | জেলা | আঙ্গিক | অনুষ্ঠানের তারিখ | স্থান |
|---|---|---|---|---|
| ১. | পূর্ব বর্ধমান | কীর্তন ও শ্রীখোল | ১৬-১৮ আগস্ট ২০২৪ | কাঁকালেশ্বরী মন্দির প্রাঙ্গণ, কাঞ্চননগর, বর্ধমান |
| ২. | উত্তর ২৪ পরগনা | বিজয়গীতি/হাছন রাজার গান | ২১-২৩ আগস্ট ২০২৪ | উত্তর ২৪ পরগনা তথ্য ও সংস্কৃতি আধিকারিকের দপ্তরের কক্ষ |
| ৩. | বীরভূম | ভাদু গান | ২২-২৪ আগস্ট ২০২৪ | রবীন্দ্র ভবন, সাঁইথিয়া, বীরভূম |
| ৪. | দার্জিলিং | সাবরো নৃত্য | ২৭-২৯ আগস্ট ২০২৪ | সোনাডা, দার্জিলিং |
| ৫. | মালদা | ডোমনি | ২৮-৩০ আগস্ট ২০২৪ | মালদা মিউজিয়াম এনেক্স বিল্ডিং |
| ৬. | দক্ষিণ ২৪ পরগনা | আদিবাসী নৃত্য | ৪-৬ সেপ্টেম্বর ২০২৪ | গোসাবা বিডিও কনফারেন্স হল |
| ৭. | পুরুলিয়া | মাচানি ও ঝুমুর | ৪-৬ সেপ্টেম্বর ২০২৪ | রবীন্দ্র ভবন পুরুলিয়া |
| ৮. | জলপাইগুড়ি | বৈরাতি নৃত্য | ৪-৬ সেপ্টেম্বর ২০২৪ | জলপাইগুড়ি |
| ৯. | ঝাড়গ্রাম | বাউল | ৪-৬ সেপ্টেম্বর ২০২৪ | বনদপ্তর সভাগৃহ |
| ১০ | উত্তর দিনাজপুর | পালাগান | ১০-১২ সেপ্টেম্বর ২০২৪ | সূর্য্য সেন মঞ্চ, ইসলামপুর |
| ১১. | দক্ষিণ দিনাজপুর | মনসা মঙ্গল | ১১-১৩ সেপ্টেম্বর ২০২৪ | বালুরঘাট |
| ১২. | পশ্চিম মেদিনীপুর | পটের গান | ১৩-১৫ সেপ্টেম্বর ২০২৪ | বিদ্যাসাগর স্মৃতি মঞ্চ |
| ১৩. | মুর্শিদাবাদ | কবি গান | ১৭-১৯ সেপ্টেম্বর ২০২৪ | রবীন্দ্রসদন, বহরমপুর |
| ১৪. | কোচবিহার | লোকনৃত্য | ১৮-২০ সেপ্টেম্বর ২০২৪ | রবীন্দ্র ভবন, কোচবিহার |
| ১৫. | আলিপুরদুয়ার | ভাওয়াইয়া | ২০-২২ সেপ্টেম্বের ২০২৪ | রবীন্দ্র মঞ্চ, আলিপুরদুয়ার |
| ১৬. | হুগলী | বাউল | ২৪-২৬ সেপ্টেম্বর ২০২৪ | জ্যোতিরিন্দ্রনাথ সভাঘর, চন্দননগর |
| ১৭. | পূর্ব মেদিনীপুর | ভাটিয়ালি | ২৪-২৬ সেপ্টেম্বর ২০২৪ | জেলা প্রশাসনিক ভবন, পূর্ব মেদিনীপুর জেলা শাসক কার্য্যালয়, নিমতৌড়ি, তমলুক) |
| ১৮. | নদিয়া | পুতুল নাচ | ২৫-২৭ সেপ্টেম্বর ২০২৪ | রানাঘাট, নদিয়া |






লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র, তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার-এর পক্ষে **কৌস্তভ তরফদার**, সচিব কর্তৃক প্রকাশিত এবং ডি অ্যান্ড পি গ্রাফিক্স প্রা. লি., ১৪৩ ওল্ড যশোর রোড, কলকাতা ৭০০ ১৩২ থেকে মুদ্রিত। কার্যালয় : লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র, তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, ‘লোকগ্রাম’, ছিট-কালিকাপুর, কলকাতা ৭০০০৯৯। ফোন : (০৩৩) ২৪২৬-২৭২৮/২৬৩৭ (ফ্যাক্স) ই-মেল : loksanskriti@live.com

**সম্পাদক : জয় গোস্বামী ॥ সহ সম্পাদক : নন্দিনী রায়**